



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

স্মারক নং. বিএসি/বগমাপ্র/গবেষণা/প্রধান নথি, ২০২৩-২৪/১৪/২০২৩/৫২

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

কোয়ালিটি অ্যাসুরেন্স এবং অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রস্তাব আহ্বান

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) কর্তৃক কোয়ালিটি অ্যাসুরেন্স এবং অ্যাক্রেডিটেশন বিষয়ে দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক এবং গবেষকগণের নিকট থেকে ২০২৪-২৫ অর্থবছরের জন্য এক বছর মেয়াদী (সর্বোচ্চ তিন লক্ষ টাকা) গবেষণা প্রস্তাব আহ্বান করা হচ্ছে। গবেষণা প্রস্তাব প্রণয়ন ও দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রক্রিয়া অবশ্যই অনুসরণ করতে হবে:

১. বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ওয়েবসাইটে (www.bac.gov.bd) গবেষণা নীতিমালা, ২০২২; পরিশিষ্ট ক অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাব ১০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারী বরাবর (বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি), বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা), ১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০) ঠিকানায় দাখিল করতে হবে।
২. বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২ -এর পরিশিষ্ট ক তে প্রদর্শিত Part-A-Project information; Part-B-Logical interpretation; Part-C-Budget; Part-D-Project completion plan; Part-E-Short CV of the Researcher(s) অনুসরণক্রমে গবেষণা প্রস্তাবের ০১ সেট হার্ড কপি দাখিল করতে হবে। অপর ০২ সেট হার্ড কপিতে Part-E-Short CV of the Researcher(s) দাখিল করার প্রয়োজন নাই। ০১ সেট সফট কপি (MS Word) ই-মেইলে প্রেরণ করতে হবে।
৩. A4 খামের ওপরে গবেষণা প্রস্তাবের শিরোনাম, প্রেরক এবং প্রাপকের ঠিকানা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪. গবেষণা প্রস্তাবের শিরোনাম, ক্ষেত্র, লক্ষ্য এবং উদ্দেশ্য অবশ্যই ‘বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২’ -এর লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ হতে হবে।
৫. গবেষণা প্রস্তাবসহ সংশ্লিষ্ট কাগজাদি অবশ্যই গবেষকের কর্মরত প্রতিষ্ঠান প্রধান (উপাচার্য বা উপ-উপাচার্য বা রেজিস্ট্রার বা পরিচালক, রিসার্চ)-এর প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে। মহাবিদ্যালয় বা কলেজের ক্ষেত্রে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে।
৬. ২০২৪-২৫ অর্থবছরে কোন গবেষণা প্রকল্প চলমান থাকলে তা সমাপ্ত না হওয়া পর্যন্ত গবেষণা প্রস্তাব দাখিল করা যাবে না।
৭. গবেষণা প্রস্তাবনা Plagiarism Checking Certificate সহ (যদি থাকে) প্রতিষ্ঠান প্রধান (উপাচার্য বা উপ-উপাচার্য বা রেজিস্ট্রার বা পরিচালক, রিসার্চ, মহাপরিচালক)-এর প্রতিস্বাক্ষরে দাখিল করতে হবে।
৮. গবেষকগণকে এককভাবে গবেষণা সম্পাদনে উদ্বুদ্ধ করা হচ্ছে, তবে যৌথভাবেও গবেষণা সম্পাদন করা যাবে। অবসরপ্রাপ্ত বা বিদেশে অবস্থানকারী বাংলাদেশী শিক্ষক বা গবেষক বা বাংলাদেশে কর্মরত বিদেশি শিক্ষক বা গবেষক অবশ্যই বাংলাদেশে কর্মরত কোনো শিক্ষক বা গবেষকের সাথে যৌথভাবে গবেষণা প্রস্তাব দাখিল করবেন।
৯. গবেষণা প্রস্তাব সংক্রান্ত তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

৩১/১২/২০২৩

(ফারজানা শারমিন)

উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা, মানদণ্ড ও প্রকাশনা)

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা

মোবাইল: +৮৮০-১৮১৮৪১৮৫২২

ই-মেইল: farzana1205@yahoo.com